**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 14-10-2025** **Desk in Charge : S.D.G.**
**Time : 7-35 AM** **Compiling : NBR**
**DEO : KB** **NR : NBR**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ-

-

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১/ দুর্গাপুরের বেসরকারি মেডিক্যাল কলেজের MBBS ছাত্রীর গণধর্ষণের অভিযোগের প্রেক্ষিতে জাতীয় মহিলা কমিশন, রাজ্যপাল ও মুখ্যমন্ত্রীকে চিঠি দিয়েছে।

# ওড়িশা মহিলা কমিশনের চেয়ারপার্সন শোভনা মহান্তি, গতকাল নির্যাতিতার সঙ্গে দেখা করে জানান, তাঁর আরো উন্নত চিকিৎসা হওয়া প্রয়োজন।

২/ প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলায় রাজ্য সরকার ত্রাণ তহবিল গঠন করেছে।

৩/ শহীদ মিনার সহ কলকাতা সংলগ্ন চার জায়গায় আজ শুরু হচ্ছে সবুজ বাজির বাজার।

৪/ সমগ্র পশ্চিমবঙ্গ থেকে বর্ষা বিদায় নিয়েছে। গোটা রাজ্যেই অনুভূত হচ্ছে শীতের আমেজ।

৫/ আইএফএ শিল্ড ফুটবলে ইস্টবেঙ্গল আজ নামধারী FC-র মুখোমুখি হবে। # খেলা শুরু হবে দুপুর আড়াইটেয়।

*********************************************************************

পশ্চিমবঙ্গের দুর্গাপুরের বেসরকারি মেডিক্যাল কলেজের MBBS ছাত্রীর গণধর্ষণের ও অভিযোগের প্রেক্ষিতে জাতীয় মহিলা কমিশনের সদস্য ডক্টর অর্চনা মজুমদার, রিপোর্ট পেশ করেছেন। এর ওপর ভিত্তি করে কমিশন বেশ কিছু সুপারিশ করেছে। কমিশনের চেয়ারপার্সন বিজয়া রাহাতকার এক্স হ্যান্ডেলের এক বার্তায় বলেছেন, বিষয়টি জানিয়ে রাজ্যপাল সি ভি আনন্দ বোস এবং মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী-কে চিঠি দেওয়া হয়েছে। একইসঙ্গে কমিশনের পর্যবেক্ষণের ওপর ভিত্তি করে দ্রুত এবং সময়মতো উপযুক্ত পদক্ষেপ নেওয়ার আবেদন'ও জানান তিনি।

উল্লেখ্য, নির্যাতিতা, হাসপাতাল কর্তৃপক্ষ, ঘটনাস্থল এবং প্রশাসনের আধিকারিকদের সঙ্গে কথা বলার পর জমা দেওয়া ওই রিপোর্টে অপরাধের নৃশংসতা এবং প্রশাসনিক ও নিরাপত্তা ক্ষেত্রে গাফিলতির দিকগুলি তুলে ধরা হয়েছে। অকুস্থলের যথাযথ সংরক্ষণ এবং দ্রুত ফরেন্সিক পরীক্ষা করতে পুলিশ ব্যর্থ হয়েছে বলেও ওই রিপোর্টে জানানো হয়েছে। শ্রীমতী রাহাতকার জানিয়েছেন, কমিশনের পক্ষ থেকে তদন্তের গতিপ্রকৃতির ওপর নজর রাখা ছাড়াও, নির্যাতিতার সুচিকিৎসা এবং বিচার না মেলা পর্যন্ত মেয়েটির পড়াশোনায় যাতে বিঘ না ঘটে, সেই দিকটি'ও সুনিশ্চিত করা হবে।

ওড়িশা মহিলা কমিশনের চেয়ারপার্সন শোভনা মহান্তি, গতকাল নির্যাতিতার সঙ্গে দেখা করে জানান, তাঁর আরো উন্নত চিকিৎসা হওয়া প্রয়োজন। এই ঘটনায় ইতমধ্যেই পাঁচ জন গ্রেপ্তার হলেও, মূল অভিযুক্ত এখনো অধরা বলে নির্যাতিতার বাবা জানিয়েছেন। ডাক্তারি পড়ুয়ার চিকিৎসা ভুবনেশ্বরে নিয়ে গিয়ে করাতে চান বলেও তিনি জানান।

এদিকে, মেডিক্যাল ছাত্রীর গণধর্ষণের ঘটনার তদন্ত সঠিক পথে এগোচ্ছে বলে আসানসোল দুর্গাপুরের পুলিশ কমিশনার সুনীল কুমার চৌধুরী জানিয়েছেন। গতরাতে এক সাংবাদিক সম্মেলনে তিনি বলেন, অভিযুক্তরা যাতে উপযুক্ত শাস্তি পায় তার ব্যবস্থা করা হবে। নির্যাতিতা এবং তাঁর পরিবারের পাশে থাকা এবং সবধরণের সহযোগিতার আশ্বাস দেন তিনি।

( বাইট- সুনীল)

রাজ্যপাল সি ভি আনন্দ বোস গতকাল হাসপাতালে গিয়ে নির্যাতিতা ও তাঁর পরিবারের সঙ্গে কথা বলেন। পরে সাংবাদিকদের তিনি বলেন, এই প্রথম এরাজ্যে ধর্ষণের ঘটনা ঘটেছে, তা’ নয়। তবে যা ঘটেছে তার পুনরাবৃত্তি না হওয়াই বাঞ্ছনীয়।

( বাইট- রাজ্যপাল )

বিজেপি সাংসদ **বাঁশুরী স্বরাজ** গতকাল নতুন দিল্লিতে সাংবাদিক বৈঠকে রাজ্যে মহিলা মুখ্যমন্ত্রীর শাসনকালে মেয়েদের নিরাপত্তা ব্যবস্থার গাফিলতির দিকটি নিয়েও প্রশ্ন তোলেন। ধর্ষণ ও নারী নির্যাতন রাজ্যের নিয়মিত ঘটনা হয়ে গেছে বলে মন্তব্য করেন তিনি।

( বাইট- বাঁশুরী )

আগেই জানানো হয়েছে, এই ঘটনায় আরো দুজনকে গ্রেপ্তার করায় ধৃতের সংখ্যা বেড়ে হয়েছে- পাঁচ। গতকালের দুই ধৃতকে ৯’দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে।

*********************

**এদিকে, মেডিক্যাল** ছাত্রীর গণধর্ষণের ঘটনার তদন্ত সঠিক পথে এগোচ্ছে বলে আসানসোল **দুর্গাপুরের পুলিশ কমিশনার** সুনীল কুমার চৌধুরী জানিয়েছেন। গতরাতে এক সাংবাদিক সম্মেলনে তিনি বলেন, অভিযুক্তরা যাতে উপযুক্ত শাস্তি পায় তার ব্যবস্থা করা হবে। নির্যাতিতা ও তাঁর পরিবারের পাশে থাকা এবং সবধরণের সহযোগিতার আশ্বাস দেন তিনি।

( বাইট- সুনীল)

রাজ্যপাল সি ভি আনন্দ বোস গতকাল হাসপাতালে গিয়ে নির্যাতিতা ও তাঁর পরিবারের সঙ্গে কথা বলেন। পরে সাংবাদিকদের তিনি বলেন, এই প্রথম এরাজ্যে ধর্ষণের ঘটনা ঘটেছে, তা’ নয়। তবে যা ঘটেছে তার পুনরাবৃত্তি না হওয়াই বাঞ্ছনীয়।

( বাইট- রাজ্যপাল )

বিজেপি সাংসদ বাঁশুরী স্বরাজ গতকাল নতুন দিল্লিতে সাংবাদিক বৈঠকে রাজ্যে মহিলা মুখ্যমন্ত্রীর শাসনকালে মেয়েদের নিরাপত্তা ব্যবস্থার গাফিলতির দিকটি নিয়েও প্রশ্ন তোলেন। ধর্ষণ ও নারী নির্যাতন রাজ্যের নিয়মিত ঘটনা হয়ে গেছে বলে মন্তব্য করেন তিনি।

( বাইট- বাঁশুরী )

আগেই জানানো হয়েছে, এই ঘটনায় আরো দুজনকে গ্রেপ্তার করায় ধৃতের সংখ্যা বেড়ে হয়েছে- পাঁচ। গতকালের দুই ধৃতকে ৯'দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে।

*********************

প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলায় রাজ্য সরকার এবার ত্রাণ তহবিল গঠন করছে। এই ত্রাণ তহবিলে সাধারণ মানুষ থেকে শিল্পপতি যে কেউ অর্থ দান করতে পারেন বলে নবান্ন সূত্রে খবর। মূলত উত্তরবঙ্গের সাম্প্রতিক পরিস্থিতি মোকাবিলায় এই ত্রাণ তহবিল গঠন করা হলেও যে কোনো প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলা ক্ষেত্রেও এই তহবিল ব্যাবহার করা হবে। খুব শীঘ্রই এজন্য ব্যাংক অ্যাকাউন্ট নম্বর জানিয়ে দেওয়া হবে।এর আগে কোভিড মহামারী মোকাবিলায় বিশেষ ত্রাণ তহবিল গঠন করেছিল রাজ্য প্রশাসন।

*********************

প্রাকৃতিক দুর্যোগ ও ভূমিধসে বিধ্বস্ত উত্তরবঙ্গের ত্রাণ ও পুনর্গঠনের কাজ সরেজমিনে খতিয়ে দেখতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি গতকাল জলপাইগুড়ির নাগরাকাটাসহ একাধিক এলাকা পরিদর্শন করেন। ধস-বৃষ্টি জনিত ক্ষয়ক্ষতি দ্রুত মেরামতির আশ্বাস দিয়েছেন মুখ্যমন্ত্রী। এই বিপর্যয়ের জন্য, ভুটান থেকে আসা জলকে দায়ী করেন তিনি।

*********************

কেন্দ্রীয় সরকার গত নয় অক্টোবর দেশব্যাপী তৃতীয় পর্যায়ের 'তামাক মুক্ত যুব অভিযান কর্মসূচি' চালু করেছে। দুমাস ধরে এই অভিযান চলবে।

একটি প্রতিবেদন- ( ক্যাপসুল- কাশফিন / টোবাকো )

*********************

কালীপুজো ও দীপাবলিকে কেন্দ্র করে আইনশৃঙ্খলা এবং শব্দদূষণ নিয়ন্ত্রণে বিশেষ ব্যবস্থা নেওয়া হচ্ছে। এই উদ্দেশ্যে আগামীকাল (বুধবার) আলিপুরের ধনধান্য অডিটোরিয়ামে শহরের সব কালীপুজো উদ্‌যাপন কমিটির প্রতিনিধিদের সঙ্গে গুরুত্বপূর্ণ বৈঠকে বসবেন কলকাতার নগরপাল মনোজ ভার্মা।

এদিকে, কলকাতার শহীদমীনার ময়দান সহ চার জায়গায় আজ শুরু হতে চলেছে সবুজ বাজির বাজার। বাকি তিন জায়গায় হল–উত্তর কলকাতার টালা, দক্ষিণ কলকাতার বেহালা ও ইএম বাইপাস লাগোয়া কালীকাপুর মাঠ।

সমস্ত বাজারে শুধুমাত্র পরিবেশ-বান্ধব সবুজ বাজি'ই বিক্রি করা হবে।

*********************

আসন্ন গঙ্গাসাগর মেলার প্রস্তুতি খতিয়ে দেখতে দক্ষিণ ২৪ পরগণার মেলা অফিসে আজ এক গুরুত্বপূর্ণ প্রস্তুতি বৈঠক বসতে চলেছে। উপস্থিত থাকবেন জেলাশাসক সুমিত গুপ্তা ও সুন্দরবন উন্নয়ন মন্ত্রী বঙ্কিম হাজরা। পাশাপাশি সেচ, পূর্ত, জনস্বাস্থ্য কারিগরি, পরিবহণ, স্বাস্থ্য, বিদ্যুৎ সহ মেলার পরিকাঠামোর সঙ্গে যুক্ত প্রায় সব দফতরের উচ্চপদস্থ আধিকারিকরাও এই বৈঠকে যোগ দেবেন। লক্ষাধিক পুন্যার্থীর সুবিধার্থে পরিকাঠামো, যাত্রী সুরক্ষা, চিকিৎসা, জল ও স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিত করতে প্রশাসনের তৎপরতা ইতিমধ্যেই শুরু হয়েছে।
তবে এবারের মেলাকে কেন্দ্র করে বড় উদ্বেগের কারণ সাগরতটের ক্রমাগত ভাঙন। টানা জোয়ার ও আবহাওয়ার পরিবর্তনের ফলে বহু স্থানে ক্ষতিগ্রস্ত হয়েছে বাঁধ ও রাস্তা। আজকের বৈঠকে মূলত সেই ভাঙন রোধ ও মেরামতির দ্রুত পরিকল্পনা গ্রহণ করা হবে। পাশাপাশি মেলার নিরাপত্তা, যাতায়াত ও যোগাযোগ ব্যবস্থা জোরদার করতে বিশেষ কর্ম পরিকল্পনা তৈরি করবে প্রশাসন। জেলার সর্বস্তরের আধিকারিকদের সমন্বয়ে আজ থেকেই শুরু হবে সাগরমেলা প্রস্তুতির রূপরেখা।

*********************

২০১৬ সালের চাকরি বাতিলের মামলায় গ্রুপ-সি ও ডি পদে কর্মী নিয়োগের ক্ষেত্রেও নির্দিষ্ট সময়সীমা বেঁধে দেওয়ার আর্জি জানিয়ে সুপ্রিম কোর্টে মামলা দায়ের করা হয়েছে। দুই বিচারপতি সঞ্জয় কুমার ও অলোক আরাধের বেঞ্চ বারবার সুপ্রিম কোর্টে মামলা করায় অসন্তোষ প্রকাশ করে বলেছেন, তারা এই মামলায় কোনরকম হস্তক্ষেপ করবে না। এই মামলায় মূল নির্দেশ অনুযায়ী স্কুল সার্ভিস কমিশনকে পদক্ষেপ করতে হবে। তারপরেও কোন সমস্যা হলে সেক্ষেত্রে আবেদনকারীরা কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হতে পারেন।

উল্লেখ্য, স্কুল সার্ভিস কমিশন ইতিমধ্যেই রাজ্যের স্কুল গুলিতে গ্রুপ-সি ও ডি পদে কর্মী নিয়োগের বিজ্ঞপ্তি জারি করেছে। তেসরা নভেম্বর থেকে তেসরা ডিসেম্বর পর্যন্ত আবেদনপত্র  গ্রহণ করা হবে।

*********************

দক্ষিণ-পশ্চিম মৌসুমি বায়ু সমগ্র পশ্চিমবঙ্গ থেকে বিদায় নিয়েছে। আগামী ৭ দিন দক্ষিণবঙ্গ বা উত্তরবঙ্গ কোথাও সেরকম বৃষ্টির সম্ভাবনা নেই বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন। কলকাতা সহ সারা রাজ্যেই আবহাওয়া শুষ্ক থাকবে।

এদিকে, মৌসুমী বায়ুর প্রভাব কেটে যাওয়ায় তাপমাত্রা কিছুটা কমেছে। কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রাই রেকর্ড করা হয়েছে ২৪ দশমিক ১ ডিগ্রী সেলসিয়াস- স্বাভাবিকের থেকে যা সামান্য কম। পশ্চিমের জেলাগুলির পাশাপাশি উত্তরবঙ্গে পাহাড় সংলগ্ন ও ডুয়ার্সের জেলাগুলিতে এই তাপমাত্রা আরো কিছুটা কম হওয়ার সম্ভাবনা রয়েছে।

*********************

প্রবীণ কমিউনিস্ট নেতা, CPIM-এর অবিভক্ত মেদিনীপুর জেলার প্রাক্তন জেলা সম্পাদক অধ্যাপক দীপক সরকার প্রয়াত। দীর্ঘদিন তিনি বার্ধক্যজনিত অসুস্থতায় ভুগছিলেন। গতরাতে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। বয়স হয়েছিল ৮০ বছর।

পশ্চিম মেদিনীপুর জেলা গঠিত হওয়ার পর তিনি দীর্ঘদিন দলের জেলা সম্পাদক ছিলেন। মেদিনীপুর মেডিক্যাল কলেজ, বিদ্যাসাগর ইনস্টিটিউট অব হেলথ, শহীদ ক্ষুদিরাম পরিকল্পনা ভবন, স্পোর্টস ডেভেলপমেন্ট একাডেমী সহ বহু কিছুই গড়ে ওঠার অন্যতম

রূপকার ছিলেন মেদিনীপুর কলেজের প্রাক্তন অধ্যাপক দীপক সরকার। তাঁর প্রয়াণে শোকের ছায়া নেমে এসেছে দলের অন্দরে।

আজ শেষ শ্রদ্ধাজ্ঞাপনের পর মেদিনীপুর মেডিকেল কলেজ হাসপাতালে দান করা হবে দেহ।

*********************

আইএফএ শিল্ড ফুটবলে ইস্টবেঙ্গল আজ নামধারী FC-র মুখোমুখি হবে। কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে দুপুর আড়াইটেয়।

তিন দলের এই গ্রুপে ইস্টবেঙ্গল ৪-০ গোলে শ্রীনিধি ডেকান FC-কে হারিয়েছিল। অন্যদিকে, নামধারী FC ৩-০ গোলে শ্রীনিধির বিরুদ্ধে জয়ী হয়েছিল। গোল পার্থক্যে এগিয়ে থাকায় আজকের ম্যাচে ড্র করলেই ফাইনালে পৌঁছে যাবে ইস্টবেঙ্গল।

*****************************************************************************